

# রামিরেজ জুন উদ্যোগ (Ramirez June Initiative)

বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত নতুন আমেরিকানদের  
এবং তাদের পরিবারগুলোকে নিউ ইয়র্ক স্টেটে অত্যন্ত গুরুত্বপূর্ণ  
সংস্থানসমূহ, তথ্য ও পরিষেবাগুলোর সাথে সংযুক্ত করা

## মিশন

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA)-এর রামিরেজ জুন উদ্যোগ  
বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত নতুন আমেরিকানদের এবং তাদের পরিবারগুলোকে নিউ ইয়র্ক  
স্টেটে সহায়তা প্রদান করার জন্য তৈরি করা হয়েছে। এই উদ্যোগের মিশন হলো বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত  
অক্ষমতায় (intellectual and developmental disabilities, IDD) আক্রান্ত সব নিউ ইয়র্কবাসীকে এবং তাদের  
পরিবারগুলোকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ, তথ্য ও পরিষেবাগুলোর সঙ্গে সংযুক্ত হতে সাহায্য করার মাধ্যমে  
IDD-এর সম্মুখীন হওয়া সব নিউ ইয়র্কবাসীর মর্যাদা, মূল্য, সম্মান, অবদান, ও যোগ্যতা নিশ্চিত করতে সাহায্য করা।  
রামিরেজ জুন উদ্যোগ হলো NYS-এর অফিস ফর নিউ আমেরিকান্স (ONA) এবং NYS-এর বিকাশ সংক্রান্ত অক্ষমতা  
বিষয়ক পরিকল্পনা কাউন্সিল (Developmental Disabilities Planning Council, DDPC)-এর মধ্যকার যৌথ প্রচেষ্টা।

## অনুপ্রেরণা

নিউ ইয়র্ক স্টেটে বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত পরিবারের  
সদস্যদের জন্য পরিষেবাসমূহ অ্যাক্সেস করতে গিয়ে নতুন আমেরিকান  
পরিবারগুলোর জটিল সব প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়ার বিষয়টি ONA এবং  
DDPC-কে রামিরেজ জুন উদ্যোগ তৈরি করতে অনুপ্রাণিত করেছে। নিউ ইয়র্ক  
স্টেটে বসবাসকারী দুইটি পরিবার, রামিরেজ পরিবার এবং সিউলিং (জুন)  
লুম-এর পরিবারের নামানুসারে এই উদ্যোগের নামকরণ করা হয়েছে।



## রামিরেজ জুন উদ্যোগের লক্ষ্যসমূহ

- IDD-এর সম্মুখীন হওয়া নতুন আমেরিকানদের এবং তাদের পরিবারগুলোকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ,  
তথ্য ও পরিষেবাসমূহের সাথে সংযুক্ত হতে সাহায্য করার জন্য ONA কর্মী ও কমিউনিটি অংশীদারদের  
সক্ষমতা সম্প্রসারণ করা।
- IDD-এর সম্মুখীন হওয়া নতুন আমেরিকানদের এবং তাদের পরিবারগুলোর পাশাপাশি NYS-এর  
অভিবাসী সেবা প্রদানকারীদের সঙ্গে প্রচারণা ও কমিউনিটি সম্পৃক্ততা পরিচালনা করা।
- অক্ষমতা-কেন্দ্রিক সংস্থানের উপকরণগুলো তৈরি ও বিতরণ করা।
- IDD-এর সম্মুখীন হওয়া নতুন আমেরিকানদের মানব পাচার শনাক্তকরণ ও প্রতিরোধের জন্য সচেতনতা  
বৃদ্ধি করা।
- কর্মকৌশল, সম্ভাবনাময় রীতিসমূহ, এবং অর্জিত শিক্ষা NYS-এর বিকাশ সংক্রান্ত অক্ষমতা বিষয়ক  
পরিকল্পনা কাউন্সিল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারের সঙ্গে শেয়ার করা। (চলমান)



Department of State  
Office for New Americans



Developmental  
Disabilities  
Planning Council